

Times Today BD

জাতীয় | 14 April, 2025

আনন্দ শোভাযাত্রার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের তৈরি 'ফ্যাসিবাদের মুখাকৃতি'তে আগুন দেওয়ার ঘটনার দুই দিন পেরিয়ে গেলেও পুলিশ এখন পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি।

পুলিশ বলছে, অভিযুক্তের নাম-পরিচয় প্রকাশ করার পর এখন গ্রেফতার কঠিন হয়ে পড়েছে।

ডিএমপি'র রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মাসুদ আলম এ কথা বলেন।

তিনি বলেন, আবেগের বশে অভিযুক্ত শিক্ষার্থীর নাম-পরিচয় প্রকাশ করেছে। এখন ওই যুবককে গ্রেফতারে কঠিন হয়ে গেছে পুলিশের পক্ষে। কারণ ওই যুবক এখন চেষ্টা করবে আত্মগোপনে থাকতে। তবে অভিযুক্ত যুবক ও মদদদাতাদের ধরতে অভিযান অব্যাহত।

এদিকে রোববার (১৩ এপ্রিল) ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী বলেন, সোমবার (১৪ এপ্রিল) সকাল ৯টায় শোভাযাত্রা শুরুর আগেই ডিটেকশনের ক্ষেত্রে সন্তোষজনক পর্যায়ে চলে যাবো। সম্ভব যদি হয়, বাই দিস টাইম, দুর্বৃত্তদের অ্যারেস্ট করতে সক্ষম হবো ইনশাআল্লাহ।

তবে ডিএমপি কমিশনার এমন আশার কথা শোনালেও পহেলা বৈশাখের আনন্দ শোভাযাত্রা শেষ হওয়ার পরও অভিযুক্তকে গ্রেফতারে কোনো অগ্রগতি জানাতে পারেনি পুলিশ।

ফ্যাসিবাদের মুখাকৃতিতে আগুন দেওয়ার ঘটনার সিসি ক্যামেরার ভিডিও রোববার সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে আরবি বিভাগের শিক্ষার্থীরা বিষয়টি নিয়ে আলোচনা শুরু করেন।

তারা বলছেন, ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ওই যুবক থাকতেন মাস্টারদা সূর্যসেন হলে। নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মাজহারুল কবির শয়নের অনুসারী হিসেবে তিনি পরিচিত ছিলেন। গত বছরের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর তাকে আর হলে দেখা যায়নি।

আরবি বিভাগের ওই ব্যাচের শিক্ষার্থী শরীফ আহমেদ বলেন, আমরা সবাই তাকে ভিডিও দেখে চিনতে পেরেছি। সে কয়েকদিন আগে বিজয় ৭১ হলের সামনে এসে ছাত্রলীগের স্লোগান দিয়ে গেছে। তার ফেসবুক কमेंট ও পোস্ট এখনো মারাত্মক লেভেলের আক্রমণাত্মক।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমদকে প্রশ্ন করা হলে তিনি বলেন, আমাদেরও মনে হয়েছে ওই ছেলে হয়ে থাকতে পারে। আমরা বিষয়টা গুরুত্বের সঙ্গে দেখছি। এখন তদন্ত চলছে।

রোববার বাংলা নববর্ষের আগের দিন রমনার বটমূলে ছায়ানটের বর্ষবরণ অনুষ্ঠানের নিরাপত্তা প্রস্তুতি দেখতে এসে ডিএমপি কমিশনার শেখ

মো. সাজ্জাত আলী সাংবাদিকদের বলেন, খুব শিগগির গ্রেফতারের খবর আপনাদের দিতে পারবো আশা করি।

ওই ঘটনায় শাহবাগ থানায় মামলা দায়েরের প্রসঙ্গ ধরে তিনি বলেন, শুধু এটুকু বলে রাখি, আমরা অত্যন্ত ক্লোজ। খুব নিকটে পৌঁছে গেছি ডিটেকশনের ক্ষেত্রে। আমরা আশা করছি (সোমবার) সকাল ৯টায় শোভাযাত্রা শুরুর আগেই ডিটেকশনের ক্ষেত্রে সন্তোষজনক পর্যায়ে চলে যাবো। সম্ভব যদি হয়, বাই দিস টাইম, দুর্বৃত্তদের অ্যারেস্ট করতে সক্ষম হবো ইনশাআল্লাহ।

সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী সরাসরিই বলেন, চারুকলায় ফ্যাসিবাদের মুখাবয়ব পুড়িয়েছে হাসিনার দোসররা।

রোববার সকালে রমনা বটমুলের পরিস্থিতি পর্যবেক্ষণে এসে র্যাব মহাপরিচালক এ কে এম শহিদুর রহমান বলেন, যে ঘটনা ঘটেছে, তার তদন্ত হবে। ঘটনার সঙ্গে যারা জড়িত, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এখানে আমাদের নিরাপত্তা ব্যবস্থায় যারা ছিলেন, তাদের কোনো ঘাটতি ছিল কি না সেটাও তদন্ত করে দেখা হচ্ছে। যদি সেরকম কিছু পাওয়া যায়, তাহলে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

এর আগে গত শনিবার ভোরের দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে আগুন লেগে ‘বর্ষবরণ আনন্দ শোভাযাত্রার’ জন্য তৈরি করা ‘ফ্যাসিবাদের মুখাকৃতি’ এবং ‘শান্তির পায়রা’ মোটিফ পুড়ে যায়।

বাংলা-নববর্ষ আগুন ডিএমপি পুলিশ ঢাকা-বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:43

URL: <https://timestodaybd.com/national/763775807>